

# যুগান্তর

প্রিন্ট: ১৯ ফেব্রুয়ারি ২০২৫, ০২:৪২ পিএম

শিক্ষাঙ্গন

## কুয়েটে ছাত্রদলের সন্ত্রাসী হামলার প্রতিবাদে বাকুবিতে বিক্ষোভ



বাকুবি প্রতিনিধি,

প্রকাশ: ১৯ ফেব্রুয়ারি ২০২৫, ০৫:০৪ এএম



ছবি: সংগৃহীত

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ( কুয়েট) সাধারণ শিক্ষার্থীদের ওপর ছাত্রদলের সশস্ত্র হামলার প্রতিবাদে বিক্ষোভ মিছিল করেছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) শিক্ষার্থীরা।

মঙ্গলবার (১৮ ফেব্রুয়ারি) রাত ১০টায় বাকৃবির আব্দুল জব্বার মোড় থেকে বিক্ষোভ মিছিলটি শুরু হয়ে ছেলেদের আবাসিক হলগুলো প্রদক্ষিণ করে আবার আব্দুল জব্বার মোড়ে এসে শেষ হয়। এ সময় তারা ‘সন্ত্রাসীর ঠিকানা এই ক্যাম্পাসে হবে না, আবু সাঈদ-মুগ্ধ শেষ হয়নি যুদ্ধ’ সহ বিভিন্ন স্লোগান দিতে থাকেন। বিক্ষোভ মিছিলে শতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করেন। বিক্ষোভ মিছিল শেষে আব্দুল জব্বার মোড়ে একটি সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বিক্ষোভকারী শিক্ষার্থীরা বলেন, ‘কুয়েটে শিক্ষার্থীদের ওপর যে নৃশংস সন্ত্রাসী হামলা চালানো হয়েছে আমরা বাকৃবি সাধারণ শিক্ষার্থী এর তীব্র নিন্দা জানায়। এই ঘটনার দ্রুত তদন্ত সাপেক্ষে সুষ্ঠু বিচারের দাবি জানাচ্ছি। অন্যায়ভাবে হামলা চালালে বাকৃবির শিক্ষার্থীরা সহ দেশের লক্ষ্য ছাত্রজনতা প্রতিবাদে জেগে উঠবে। ছাত্রসমাজ এখনো জুলাই আন্দোলনের চেতনা ভুলে নাই। সেই চেতনাকে সামনে রেখে আমরা আমাদের পথচলাকে আরও মসৃণ করতে চায়। আমাদের ক্যাম্পাস হবে রক্তের রাজনীতি মুক্ত। ক্যাম্পাসগুলোতে কোনো সন্ত্রাসীদের জায়গা হবে না। আমাদের উপর হামলা, আমাদের বোনদের ওপর হামলা আর ক্যাম্পাসগুলোতে দেখতে চাই না। আমরা ক্যাম্পাস গুলোতে সম্প্রীতির শিক্ষা অঙ্গন চাই।’

উল্লেখ্য, গত কয়েকদিন ধরে কুয়েট ক্যাম্পাসে ছাত্র রাজনীতিকে কেন্দ্র করে উত্তেজনাকর পরিস্থিতি তৈরি হয়। ১৮ ফেব্রুয়ারি দুপুরে ছাত্ররাজনীতি বন্ধের দাবিতে মিছিলরত শিক্ষার্থীদের ওপর ছাত্রদলের হামলায় সাধারণ শিক্ষার্থী, শিক্ষক ও পুলিশ কর্মকর্তাসহ অনেকে আহত হয়। এই ঘটনায় সারাদেশে প্রতিবাদের ঢেউ ওঠে, যার ধারাবাহিকতায় বাকৃবিতে এই বিক্ষোভ অনুষ্ঠিত হয়।